# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৬৬২

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ যখন কোন ব্যক্তি সালাম ফেরানোর পর সাজদায়ে সাহু করবে, যা আমরা বর্ণনা করলাম, তার জন্য জরুরী হলো তারপর তাশাহহুদ পাঠ করা অতঃপর সালাম ফেরানো

ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ الْمَرْءَ إِذَا سَجَدَ سَجْدَتَيِ السَّهْوِ فِي الْحَالِ الَّتِي وَصَفْنَاهَا بَعْدَ السَّلَامِ عَلَيْهِ أَنْ يَتَشَهَّدَ بَعْدَهَا ثُمَّ يُسَلِّمُ

---

আরবী

2662 ـ أَخْبَرَنَا عَبْدُ الْكَبِيرِ بْنُ عُمَرَ الْخَطَّابِيُّ قَالَ: حَدَّثَنَا سَعِيدُ بْنُ مُحَمَّدِ بْنِ ثَوَابٍ الْحُصْرِيُّ قَالَ حَدَّثَنَا الْأَنْصَارِيُّ عَنْ أَشْعَثَ عَنِ ابْنِ سِيرِينَ عَنْ خَالِدٍ الْحَذَّاءِ عَنْ أَبِي قِلَابَةَ عَنْ أَبِي الْمُهَلَّبِ عَنْ عِمْرَانَ بْنِ حُصَيْنٍ: أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ صَلَّى بِهِمْ فَسَجَدَ سَجْدَتَيِ السَّهْوِ ثُمَّ تَشَهَّدَ وَسَلَّمَ.
الراوي : عِمْرَان بْن حُصَيْنٍ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 2662 | خلاصة حكم المحدث: شاذ بذكر التشهد ـ ((ضعيف أبي داود)) (193)، ((الإرواء)) (403).

বাংলা

২৬৬২. ইমরান বিন হুসাইন রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম একবার তাদের নিয়ে সালাত আদায় করেন। অতঃপর তিনি সাজদায়ে সাহু করেন তারপর তাশাহহুদ পাঠ করেন এবং সালাম ফেরান।”[1]

ফুটনোট

[1] আবূ দাঊদ: ১০৩৯; তিরমিযী: ৩৯৫; নাসাঈ: ৩/২৬; বাগাবী: ৭৬১; হাকিম: ১/৩২৩।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ হাদীসটিকে শায বলেছেন। আল্লামা নাসির উদ্দিন

আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে তাশাহ্হুদের উল্লেখসহ শায বলেছেন। (যঈফ আবূ দাউদ: ১৯৩)

হাদিসের মান: শা'জ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ ইমরান ইবনু হুসায়ন (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=91992

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন